

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫  
ওয়েবসাইটঃ www.naem.gov.bd

নং-৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০১৩.১৫/১৫০(৫০)

তারিখঃ ০৬/০৭/১৪২৪ বঃ  
২৯/০৪/২০১৭ খ্রিঃ

**বিষয়: মাধ্যমিক পর্যায়ে প্রতিষ্ঠান প্রধানগণের জন্য আয়োজিত ২৮তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ক 'সঞ্জীবনী প্রশিক্ষণ কোর্স'-এ অংশগ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০২ মে থেকে ১৫ মে ২০১৭ খ্রিঃ (১৯ বৈশাখ থেকে ০১ জ্যৈষ্ঠ ১৪২৪ বঃ) তারিখ পর্যন্ত মাধ্যমিক পর্যায়ে প্রতিষ্ঠান প্রধানগণের জন্য ২৮তম 'শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা' বিষয়ক সঞ্জীবনী প্রশিক্ষণ কোর্সে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এ অনুষ্ঠিত হবে। এ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁকে মনোনয়ন দেয়া হলো। আগামী ০২ মে ২০১৭ খ্রিঃ (১৯ বৈশাখ ১৪২৪ বঃ) তারিখ সকাল ০৯.০০ টায় নায়েম-এর প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ানস্টপ সার্ভিস পয়েন্টে রিপোর্ট করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করা হলো:

১. প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণের নির্ধারিত সার্ভিস চার্জ পরিশোধপূর্বক হোস্টেলে অবস্থান করার ব্যবস্থা আছে। ঢাকার বাইরের প্রশিক্ষার্থীগণের কোর্স শুরু করার আগের দিন থেকে আসন শূন্য থাকা সাপেক্ষে হোস্টেলে অবস্থান করতে পারবেন।
২. সরকারি বিধি মোতাবেক অংশগ্রহণকারীকে ভ্রমণ ও দৈনিক ভাতা প্রদান করা হবে। তবে, প্রাথমিক ব্যয় (খাণ্ডা ও খাওয়া খরচ) সংকুলানের জন্য আনুমানিক জনপ্রতি ১০,০০০/- (দশ হাজার) টাকা সঙ্গে আনতে হবে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। উক্ত পেশকৃত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর নিজ নিজ প্রতিষ্ঠানের ঠিকানায় প্রেরণ করা হবে। উল্লেখ্য, ঢাকা শহরের প্রশিক্ষার্থীগণ শুধুমাত্র প্রশিক্ষণভাতা পাবেন।
৩. যাঁদের বয়স ৫৭ বৎসর অতিক্রম করেছে অথবা ইনডেভলুয়ারী নন; তাঁদের এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই।
৪. বেসরকারি প্রতিষ্ঠানের প্রধানগণকে তাঁদের প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সভাপতির নিকট থেকে বর্তমান মূলবেতন উল্লেখ এবং এমপিও-এর অনুলিপি ও প্রত্যয়নপত্র সঙ্গে আনতে হবে।
৫. প্রশিক্ষণ সম্পর্কিত কোন তথ্য জানতে কোর্স পরিচালকের মোবাইল নম্বর ০১৫৫২৪৬১৪৯৭-এ যোগাযোগ করা যেতে পারে।
৬. মনোনীত প্রশিক্ষার্থীগণকে এ কোর্সে অংশগ্রহণের সম্মতি মোবাইল নম্বর ০১৫৫২৪৬১৪৯৭-এ এসএমএস অথবা ইমেইল-[kotow17@gmail.com](mailto:kotow17@gmail.com)-এ কোর্স শুরুর কমপক্ষে ০৫ (চার) দিন পূর্বে প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো।
৭. আমন্ত্রণপত্র এবং প্রশিক্ষার্থীদের তালিকা নায়েম ওয়েবসাইট [www.naem.gov.bd](http://www.naem.gov.bd)-এ পাওয়া যাবে।
৮. মনোনীত প্রশিক্ষার্থীগণকে পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি ছবি, সম্মতি পত্র, এমপিও শীট (ইনডেভলুয়ারী প্রশিক্ষার্থীগণের ক্ষেত্রে), ব্যক্তিগত ই-মেইল আইডি এবং ১০ (দশ) টাকা মূল্যমানের রেভিনিউ স্ট্যাম্প সঙ্গে আনতে হবে।
৯. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১. ২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(প্রফেসর ড. আ.ফ.ম. শফিকুর রহমান)  
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন)  
নায়েম, ঢাকা  
e-mail: [info@naem.gov.bd](mailto:info@naem.gov.bd)

প্রাপক: \_\_\_\_\_

নং-৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০১৩.১৫/১৫০(৫০)(৩৭)

তারিখঃ ০৬/০৭/১৪২৪ বঃ  
২৯/০৪/২০১৭ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা (আমন্ত্রণপত্র ও তালিকাসহ);
৩. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
৪. কোর্স পরিচালক, ২৮তম ই এ এম কোর্স;
৫. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
৬. সকল হোস্টেল সুপারিনটেনডেন্ট শহীদ বুদ্ধিজীবী/ মুক্তিযোদ্ধা/অমর একুশে/সোনার বাংলা/শহীদ জননী, নায়েম, ঢাকা;
৭. কম্পিউটার প্রোগ্রামার, নায়েম, ঢাকা (প্রশিক্ষার্থীর তালিকা ও আমন্ত্রণপত্রটি নায়েম ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো);
৮. তথ্যায়ন কর্মকর্তা, নায়েম, ঢাকা;
৯. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা
১০. অফিস নথি।

(মোঃ সেলিমুজ্জামান)

উপ পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ), নায়েম

ও  
কোর্স পরিচালক, ২৮তম ইএএম কোর্স